# আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১৮৮

ভদ্র আচার ব্যাবহার

পরিচ্ছেদঃ ৯৬- দাস-দাসীদের গালি দেয়া নিষেধ।

بَابُ سِبَابِ الْعَبِيدِ

আরবী

حَدَّثَنَا آدَمُ، قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ: حَدَّثَنَا وَاصِلٌ الأَحْدَبُ قَالَ: سَمِعْتُ الْمَعْرُورَ بْنَ سُوَيْدٍ يَقُولُ: رَأَيْتُ أَبَا ذَرٍّ وَعَلَيْهِ حُلَّةٌ وَعَلَى غُلاَمِهِ حُلَّةٌ، فَسَأَلْنَاهُ عَنْ ذَلِكَ، فَقَالَ: إِنِّي سَابَبْتُ رَجُلاً فَشَكَانِي إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَقَالَ لِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم: أَعَيَّرْتَهُ بِأُمِّهِ؟ قُلْتُ: نَعَمْ، ثُمَّ قَالَ: إِنَّ إِخْوَانَكُمْ خَوَلُكُمْ، جَعَلَهُمُ اللَّهُ تَحْتَ أَيْدِيكُمْ، فَمَنْ كَانَ أَخُوهُ تَحْتَ يَدَيْهِ فَلْيُطْعِمْهُ مِمَّا يَأْكُلُ، وَلْيُلْبِسْهُ مِمَّا يَلْبَسُ، وَلاَ تُكَلِّفُوهُمْ مَا يَغْلِبُهُمْ، فَإِنْ كَلَّفْتُمُوهُمْ مَا يَغْلِبُهُمْ فَأَعِينُوهُمْ.

বাংলা

১৮৮। মারূর ইবনে সুয়াইদ (রহঃ) বলেন, আমি আবু যার (রাঃ)-এর পরনে একটি লাল বর্ণের চাদর এবং তার গোলামের পরনেও একই রকম চাদর দেখলাম। আমরা তাকে এ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, আমি এক ব্যক্তিকে গালি দিয়েছিলাম। সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আমার বিরুদ্ধে অভিযোগ করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ তুমি কি তার মাকে তুলে গালি দিয়েছো? আমি বললাম, হাঁ। তিনি বলেনঃ তোমাদের দাসগণ তোমাদের ভাই। আল্লাহ তাদেরকে তোমাদের অধীন করেছেন। সুতরাং যার অধীনে তার ভাই আছে সে যা খায়, তাকেও যেন তা খাওয়ায়, সে যা পরে তাকেও তাই পরায় এবং তাদের উপর তাদের সাধ্যাতীত কাজ চাপাবে না। এরূপ কোন কাজ তাদের করতে দিলে সে যেন তাদের সেই কাজে সাহায্য করে (বুখারী, মুসলিম, আবু দাউদ, তিরমিযী, ইবনে মাজাহ)।

## English

Al-Ma'rur ibn Suwayd said, "I saw Abu Dharr wearing a robe and his slave was also wearing a robe. We asked him about that and he said, 'I insulted a man and he complained about me to the Prophet, may Allah bless him and grant him peace, and the Prophet, may Allah bless him and grant him peace,

said to me, 'Did you insult him by his mother?' 'Yes,' I replied. He said, 'Your brothers are your property. Allah has put them under your authority. If someone has his brother under his authority, he should feed him from what he eats and clothe him from what he wears and not burden him with anything that will be too much for him. If you burden him with what will be too much for him, then help him.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45503

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন